# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 08 April, 2025

সুন্দরবন থেকে ১১০ কেজি হরিণের মাংসসহ মোঃ আরিফুল সরদার(২৪) নামের এক শিকারিকে আটক করেছে কোস্টগার্ড পশ্চিম জোন, মোংলা।মঙ্গলবার (০৮ এপ্রিল) সকালে সুন্দরবন সংলগ্ন নলিয়ান ঠাকুরবাড়ি ঘাট এলাকা থেকে মাংসসহ এই শিকারিকে আটক করা হয়।

কোস্টগার্ড জানায়, গোপন সংবাদের ভিত্তিতে খবর পাওয়া যায়, ওই এলাকায় বনদস্যু করিম শরীফের অন্যতম সহযোগী মোঃ শাহজাহান, মোঃ অনু এবং একজন অজ্ঞাত ব্যক্তি হরিণের মাংস পাচারের চেষ্টা করছে।এসময় কোস্টগার্ডের উপস্থিতি টের পেয়ে হরিণের মাংসসহ ০২ টি নৌকা রেখে তারা পালিয়ে যায়।পরে নৌকা দুটি তল্লাশি করে ১১০ কেজি হরিণের মাংস উদ্ধার করা হয় এবং ঘটনাস্থল  এক শিকারীকে আটক করা হয়।

জব্দকৃত হরিণের মাংস এবং আটককৃত ব্যক্তির বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নলিয়ান ফরেস্ট অফিসের নিকট হস্তান্তর করা হয়েছে বলে জানান কোস্টগার্ডের জাহাজ অপরাজেয় বাংলার নেভিগেশন অফিসার লেফট্যানেন্ট সিফাত-ই-রাব্বি রাচিন।

তিনি বলেন, সুন্দরবন ও বনের বন্য প্রাণি রক্ষায় কোস্টগার্ড নিয়মিত কাজ করছে।এর অংশ হিসেবে আমরা অভিযান চালিয়ে ১১০ কেজি মাংসসহ একজনকে আটক করেছি।ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

সুন্দরবন হরিণের মাংস আটক শিকারি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:41

URL: https://www.timestodaybd.com/khulna/775807524